

নম্বর ২৩.০০.০০০০.০৪০.১২.০০৪.২৫-৩৪

তারিখ: ১৮ মাঘ ১৪৩২
১ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পদোন্নতির কোটায় পূরণযোগ্য ‘উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী’র ফিডার পদধারী হিসেবে ‘যান্ত্রিক প্রকৌশলী’ পদে কর্মরত জ্যেষ্ঠতার ক্রমিক নম্বর ১-এ বর্ণিত জনাব মইন উদ্দিন আহমদ-এর ফিডার পদধারী হিসেবে চাকরিকাল পূর্ণ হওয়ায় ও তার বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে কোন ফৌজদারী, বিভাগীয় ও দুর্নীতির মামলা না থাকায় নিম্নরূপ ছক মোতাবেক উক্ত কর্মকর্তাকে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ‘উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী’-এর শূন্য পদে চলতি দায়িত্ব প্রদান করা হলো:

ক্র:	নাম	বর্তমান পদবি
১.	জনাব মইন উদ্দিন আহমদ	উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী (চলতি দায়িত্ব)

শর্তসমূহ:

- (ক) উল্লিখিত কর্মকর্তার অনুকূলে ৬(ছয়)মাসের জন্য চলতি দায়িত্ব প্রদান করা হলো।
 - (খ) চলতি দায়িত্ব পালনকালে তিনি বিধিমোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।
 - (গ) সুপারিশকৃত পদবি ব্যবহারের ক্ষেত্রে “মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর/সংস্থার শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩”-এর পদবি ব্যবহার সংক্রান্ত অনুচ্ছেদ-১২ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
১/২/২০২৬
ডা. ফারহানা কবির
উপসচিব
ফোন: ০২-২২২২৪৪১৬৬
E-mail: d4@mod.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনাব মইন উদ্দিন আহমদ, উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।

০১/০২/২৬
ডা. ফারহানা কবির
উপসচিব